# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১২

## ১. পদোন্নতি নীতিমালার সাধারণ শর্তাবলী ঃ

১.১ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর অনুচ্ছেদ ২ (জ)-এ উল্লেখিত তফসিলে বর্ণিত পদ সমূহের মধ্যে অত্র পদোন্নতি নীতিমালা সীমাবদ্ধ থাকবে;

১.২ কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তার পদোন্নতি দাবী করতে পারবেন না;

১.৩ প্রতি বছর ৩০ জুন ও ৩১ ডিসেম্বর পদোন্নতির ভিত্তিকাল হিসেবে গণ্য হবে। ৩১ ডিসেম্বর ভিত্তিকালে পদোন্নতির ক্ষেত্রে ৩০ জুন ভিত্তিক বার্ষিক গোপনীয় প্রতিবেদন অনুযায়ী পদোন্নতি বিবেচনা করতে হবে। তবে কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে কোন অনিয়ম/অভিযোগ আছে কিনা সে বিষয়ে সর্বশেষ তথ্য সংগ্রহ করে পদোন্নতি বিবেচনা করতে হবে;

১.৪ কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ প্রতি বছর ৩০ জুন ও ৩১ ডিসেম্বর এর মধ্যে বিভিন্ন গ্রেডে পদোন্নতিযোগ্য শূন্য পদ (যদি থাকে) এর তালিকা প্রস্তুত করে পদোন্নতির প্রস্তাব, তথ্য ও আনুষঙ্গিক কর্ম-পরিকল্পনা ব্যাংক ব্যবস্থাপনার নিকট উপস্থাপন করবে;

১.৫ পদোন্নতিযোগ্য সকল প্রকৃত শূন্যপদ নিয়োগবিধি অনুযায়ী পদোন্নতির মাধ্যমে পূরণ করতে হবে এবং লিয়েনজনিত অথবা চলতি দায়িত্বের কারণে সৃষ্ট শূন্য পদে কোন কর্মকর্তা বা কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাবে না;

১.৬ বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করার বিষয়টি কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ যথা সময়ে নিশ্চিত করবে;

১.৭ বিগত ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোন কর্মকর্তা বা কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনে বিরূপ মন্তব্য বহাল থাকলে তিনি যে বৎসর বিরূপ মন্তব্য করা হয়েছে তার পরবর্তী ১ (এক) বৎসর পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

১.৮ কোন কর্মকর্তা-কর্মচারীকে উচ্চতর পদে পদোন্নতির জন্য আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর তফসিলে নির্ধারিত চাকুরীকাল পূরণসহ বর্তমান পদে স্থায়ী হতে হবে;

১.৯ বিভাগীয় মামলা ও পদোন্নতি কার্যক্রম ঃ

(ক) কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা দাখিল বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলায় চার্জশীট দাখিল বা ফৌজদারী মামলা দায়েরের সরকারি মঞ্জুরী প্রদান করা হলে অথবা উক্তরূপ কারণে কোন কর্মকর্তা বা কর্মচারী গ্রেফতার হলে উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(খ) সাময়িকভাবে বরখাস্তকৃত কোন কর্মকর্তা/কর্মচারীর পদোন্নতি বিবেচনা করা হবে না;

(গ) কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শাস্তি আরোপিত থাকলে শাস্তির মেয়াদকাল নিম্নলিখিতভাবে হিসাব করতে হবে ঃ

(১) লঘু দন্ড প্রদান করা হলে দন্ড ভোগের মেয়াদ শেষে ০১ (এক) বছরের জন্যপদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না।

(২) গুরুদন্ড প্রদান করা হলে শাস্তির পত্র ইস্যুর তারিখ থেকে ৩ (তিন) বছর পর পদোন্নতির যোগ্য হবেন। তবে, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর ৪০(আ) (খ) এ বর্ণিত গুরুদন্ডের ক্ষেত্রে আদায়যোগ্য অর্থ আদায় না হলে ৫ (পাঁচ) বছর পর্যন্ত পদোন্নতি দেয়া যাবে না।

১.১০ ব্যাংকের সংশ্লিষ্ট পদোন্নতি কমিটির সুপারিশ ব্যতিত কোন পদে পদোন্নতি প্রদান করা যাবে না, অধিকন্তু কমিটির সুপারিশ সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃকও অনুমোদিত হতে হবে;

১.১১ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান ব্যতীত পদোন্নতি কার্যকর হবে না। প্রেষণ/লিয়েনে কর্মরতদের ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত মূল পদে যোগদান না করা পর্যন্ত পদোন্নতি কার্যকর হবে না।

চলমান পাতা/২

২। পদোন্নতির ক্ষেত্রে অনুসরনীয় বিধানাবলী ঃ

২.১ **কমিটি গঠন ও কমিটির সভা ঃ**

ক) কর্মকর্তা-কর্মচারীগণকে পদোন্নতি প্রদানের উদ্দেশ্যে এক বা একাধিক বিভাগীয় বাছাই কমিটি/পদোন্নতি বাছাই কমিটি গঠন করা যাবে। প্রতিটি কমিটিতে একজন চেয়ারম্যান, একজন সদস্য-সচিব এবং প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য সদস্য থাকবেন।

খ) কমিটি পদোন্নতির এ নীতিমালা অনুসারে কার্যক্রম গ্রহণকালে কমিটিতে অন্তর্ভূক্ত নয় এমন কোন কর্মকর্তা বা অন্য কোন বিশেষজ্ঞকে প্রয়োজনবোধে কমিটিতে অন্তর্ভূক্ত করতে পারবেন।

গ) কার্য সম্পাদনের উদ্দেশ্যে কমিটির চেয়ারম্যান প্রয়োজনীয় সংখ্যক সভা অনুষ্ঠান করতে পারবেন।

২.২ **বেস মার্ক ঃ**

'বেস মার্ক' বলতে পদোন্নতির জন্য নির্ধারিত পাস নম্বর হতে সাক্ষাৎকারের/মূল্যায়ণের জন্য নির্ধারিত নম্বর বাদ দিলে যে নম্বর পাওয়া যাবে তাকে বুঝাবে। কর্মকর্তা-কর্মচারীগণের বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতি প্রদানের জন্য 'বেস মার্ক' হবে নিম্নরূপ ঃ

| ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | বেস মার্ক |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | ৬৫ |
| সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৬৫ |
| প্রিন্সিপাল অফিসার ও সমমান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৬৫ |
| সিনিয়র অফিসার ও সমমান | প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৬০ |
| অফিসার ও সমমান | সিনিয়র অফিসার ও সমমান | ৬০ |
| সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) | অফিসার ও সমমান | ৬০ |
| ডাটা এন্ট্রি অপারেটর ও সমমান | সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) | সন্তোষজনক চাকুরীর রেকর্ড |

২.৩ **পদোন্নতিযোগ্য প্রার্থী সংখ্যা নির্ধারণ**

উচ্চতর পদে পদোন্নতি বিবেচনাকালে ব্যাংকের চাকুরী প্রবিধানমালা মোতাবেক ফিডার পদে নির্ধারিত চাকুরীকাল পূরণ হয়েছে এমন কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিযোগ্য শুন্য পদের সর্বোচ্চ ১ঃ৩ হারে বিবেচনা করতে হবে। তবে ১ঃ৩ হারে বিবেচনার পর পদোন্নতিযোগ্য শূন্য পদ পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্য কর্মকর্তা-কর্মচারী পাওয়া না গেলে সেক্ষেত্রে পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে পুনরায় ১ঃ৩ হারে পদোন্নতির জন্য বিবেচনা করতে হবে।

২.৪ **পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন**

পদোন্নতি সুপারিশকারী কমিটি কোন কর্মকর্তা-কর্মচারীকে পদোন্নতির জন্য যোগ্য বিবেচনা না করলে সংশ্লিষ্ট কারণ সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করে, যোগ্য প্রার্থীগণকে পদোন্নতির সুপারিশ করে একটি তালিকা প্রণয়ন করবে এবং অনধিক ৭(সাত) দিনের মধ্যে পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পেশ করবে। এইরূপ তালিকায় পদোন্নতি সুপারিশকারী কমিটির সভাপতিসহ সভায় উপস্থিত সকল সদস্য স্বাক্ষর করবেন।

| ২.৫ | **পদোন্নতিযোগ্য প্রার্থীর তালিকা পুনর্বিবেচনা** |
|---|---|
| | পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির পর এতে কোন ভুল ক্রটি থাকলে বা এর কোন বিষয় পুনর্বিবেচনার প্রয়োজন আছে বলে মনে করলে উক্ত ভুল ক্রটি সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সংশোধন বা উক্ত বিষয়ে পুনর্বিবেচনার জন্য পদোন্নতি সুপারিশকারী কমিটির নিকট তালিকাটি প্রেরণ করতে পারবে; অতঃপর কমিটি যথাযথ মনে করলে উক্ত ক্রটি সংশোধন বা উক্ত বিষয় অনধিক ১৫(পনের) দিনের মধ্যে পুনর্বিবেচনা করে অনুমোদনকারী কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করবে। |

চলমান পাতা/৩

**২.৬ সাক্ষাৎকার ঃ**

ক) পদোন্নতিযোগ্য প্রার্থীদের যোগ্যতা যাচাই এর উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ব্যাংকিং বিষয়ে পেশাগত জ্ঞান ও দক্ষতা, মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা, দক্ষতা ও সফলতা ইত্যাদি বিষয়াবলীর উপর গুরুত্বারোপ করে সাক্ষাতকারের জন্য নির্ধারিত ১৫(পনের) নম্বর প্রদান করা হবে। উক্ত ১৫(পনের) নম্বরের মধ্যে পদোন্নতির যোগ্যতা অর্জনের জন্য কমপক্ষে শতকরা ৪০ ভাগ নম্বর পেতে হবে।

খ) যে সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকারের বিধান রয়েছে সেক্ষেত্রে বেস মার্ক প্রাপ্ত না হলে উক্ত কর্মকর্তা-কর্মচারী সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না; অপরদিকে যাদেরকে সাক্ষাৎকার দেয়ার জন্য ডাকা হবে তাদের মধ্যে কেউ নির্ধারিত দিন সাক্ষাৎকার বোর্ডে উপস্থিত না হলে তাকে পদোন্নতিযোগ্য বলে বিবেচনা করা হবে না। তবে সাক্ষাৎকার বোর্ড চলাকালীন সময়ে প্রার্থী উপস্থিত হয়ে উপযুক্ত কারণ প্রদর্শন করলে সাক্ষাৎকার বোর্ডের সন্তুষ্টি সাপেক্ষে তাকে পদোন্নতির জন্য বিবেচনা করা যাবে।

**২.৭ শাখায় কাজের অভিজ্ঞতা:-**

ক) কর্মকর্তা, উর্ধতন কর্মকর্তা পদে পদোন্নতির জন্য ব্যাংকের কোন শাখায় বা মাঠ পর্যায়ের কাজে অন্ততঃ ২(দুই) বৎসরের এবং উর্ধতন কর্মকর্তা হতে মুখ্য কর্মকর্তা পদে এবং মূখ্য কর্মকর্তা হতে উর্দ্বতন মূখ্য কর্মকর্তা পদে পদোন্নতির জন্য শাখা ব্যবস্থাপক হিসাবে বা মাঠ পর্যায়ে অন্ততঃ ২(দুই) বৎসরের অভিজ্ঞতা আছে কিনা তার তথ্য সংগ্রহ করতে হবে।

খ) কোন কারণে কোন কর্মকর্তার অনুচ্ছেদ ২.৭(ক)তে বর্ণিত অভিজ্ঞতা না থাকলে এবং উক্ত কর্মকর্তার নাম পদোন্নতির জন্য সুপারিশ করা হলে, কমিটি তাকে পদোন্নতি দিয়ে শাখা/মাঠ পর্যায়ে বদলীরও সুপারিশ করবে। পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ পদোন্নতি প্রদানের সময় উক্ত সুপারিশ বাস্তবায়ন করবে।

**২.৮ অতিক্রান্ত কর্মকর্তা-কর্মচারী সংক্রান্ত বিধান ঃ**

পদোন্নতিযোগ্য কোন প্রার্থী কমিটির সুপারিশকৃত তালিকার অন্তর্ভূক্ত না হওয়ার ফলে পদোন্নতির ক্ষেত্র অতিক্রান্ত হলে তার অতিক্রান্ত হওয়ার বিষয়টি তার ব্যক্তিগত নথিতে লিপিবদ্ধ করতে হবে। তবে এইরূপ কর্মকর্তা-কর্মচারীকে তার পরবর্তী বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় ও কার্যক্রমের ভিত্তিতে পদোন্নতির জন্য পুনর্বিবেচনা করতে কোন বাধা থাকবে না।

**২.৯ যোগ্যতা যাচাই পদ্ধতি ঃ**

পদোন্নতিযোগ্য প্রার্থীদের যোগ্যতা যাচাই এর উদ্দেশ্যে সর্বোচ্চ যোগ্যতাসুচক মানের বন্টন হবে নিম্নরূপ ঃ

| বিষয় | উপ-মহাব্যবস্থাপক ও সমমান, সহকারী মহাব্যবস্থাপক ও সমমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান, প্রিন্সিপাল অফিসার ও সমমান, সিনিয়র অফিসার ও সমমান এবং অফিসার ও সমমান পদে পদোন্নতির ক্ষেত্রে | সহকারী অফিসার ও সমমান পদে পদোন্নতির ক্ষেত্রে |
|---|---|---|
| (১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন | ৫০ | ৬০ |
| (২) শিক্ষাগত যোগ্যতা<br>ক) স্নাতকোত্তর ১৫<br>খ) স্নাতক (সম্মান)/সমমান ১৪<br>গ) স্নাতক/সমমান ১২<br>ঘ) উচ্চ মাধ্যমিক/সমমান ০৯<br>ঙ) মাধ্যমিক/সমমান ০৭ | ১৫ | ১৫ |
| ৩) পেশাগত যোগ্যতাঃ<br>ক) ব্যাংকিং ডিপ্লোমা/ এমবিএম ডিগ্রী সর্বোচ্চ ০৫<br>ব্যাংকিং ডিপ্লোমা ঃ (১ম পর্ব- ৩, ২য় পর্ব- ২ মোট- ৫) | ০৫ | ০৫ |
| ৪) চাকুরীকাল | ১০ | ১০ |
| ৫) মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজের দক্ষতা | ০৫ | ০৫ |
| ৬) সাক্ষাৎকার | ১৫ | - |
| ৭) সন্তোষজনক চাকুরী রেকর্ড (পদোন্নতি বাছাই কমিটির বিবেচ্য) | - | ০৫ |
| মোট | ১০০ | ১০০ |

চলমান পাতা/৪

**২.১০ বার্ষিক গোপনীয় প্রতিবেদন ঃ**

ক) কর্মকর্তা/কর্মচারীগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন হবে নিম্নরূপ ঃ

| প্রতিবেদনের মান | প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে | দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে | তৃতীয় শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রে |
|---|---|---|---|
| অতি উত্তম | ১০ | ১০ | ১২ |
| উত্তম | ০৮ | ০৮ | ১০ |
| ভাল | ০৬ | ০৬ | ০৮ |
| মোটামুটি | ০৪ | ০৪ | ০৫ |
| খারাপ | ০০ | ০০ | ০০ |

খ) কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের ক্ষেত্রে বিগত সর্বোচ্চ ৫ (পাঁচ) বছরের নম্বর গ্রহণ করা হবে। সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে পদোন্নতি বিবেচনাকালে যদি তাঁদের চাকুরিকাল ৫ (পাঁচ) বছর পূর্ণ না হয় সে ক্ষেত্রে তাঁদের ৩ (তিন) বছর বা তদূর্ধ কিন্তু ৫ (পাঁচ) বছরের কম সময়ের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে পাঁচ বছরের পূর্ণ নম্বর বিবেচনা করা হবে।

গ) কোন কারণে কারও বার্ষিক গোপনীয় প্রতিবেদন পাওয়া না গেলে বাছাই কমিটি দায়ী কর্মকর্তা চিহ্নিত করবে এবং তদানুযায়ী দায়ী কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে। এছাড়া বার্ষিক গোপনীয় প্রতিবেদন জমা না হওয়ার জন্য পদোন্নতি সংশিষ্ট কর্মকর্তা দায়ী না হলে তাকে প্রাপ্ত গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে একইভাবে বাছাই কমিটি নম্বর প্রদান করবে।

**২.১১ চাকুরীকাল মূল্যায়ন ঃ**

ক) চাকুরীকাল বলতে বর্তমান পদে চাকুরীকাল বুঝাবে।

খ) প্রতি পূর্ণ বৎসর চাকুরীকালের জন্য ০৩(তিন) নম্বর এবং পরবর্তী পূর্ণ ০৬ (ছয়) মাস ও তদূর্ধ কিন্তু ০১ বৎসরের কম চাকুরীকালের জন্য ০১ নম্বর প্রাপ্ত হবেন। তবে মোট নম্বর ১০(দশ) এর বেশী হবে না। ০৬ (ছয়) মাসের কম চাকুরী কালের জন্য কোন নম্বর প্রাপ্ত হবেন না।

**২.১২ মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা**

ক) ব্যাংকের শাখা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং আঞ্চলিক ব্যবস্থাপক পর্যায়ের কাজের সময়কাল 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' হিসাবে গণ্য হবে;

খ) মাঠ পর্যায়ের অভিজ্ঞতার নির্ধারিত ৫(পাঁচ) নম্বর পদোন্নতি সুপারিশ কমিটি প্রদান করবে। এক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীকে সমগ্র চাকুরী জীবনে মাঠ পর্যায়ে কর্মকালের প্রতি পূর্ণ বছরের জন্য ১ (এক) নম্বর এবং প্রতি ৩(তিন) মাস ও তদুর্ধ কিন্তু ১ (এক) বছরের কম কর্মকালের জন্য ০.৫ (দশমিক পাঁচ) নম্বর প্রদান করা হবে।

গ) অপরদিকে ব্যাংকের যে সকল কর্মকর্তা-কর্মচারী টেকনিক্যাল পদে নিয়োজিত থেকে দায়িত্ব পালন করছেন এবং যাদের ক্ষেত্রে অর্গানোগ্রাম মোতাবেক মাঠ পর্যায়ে কর্মরত থাকার বিষয়টি প্রযোজ্য নয় তাদেরকে 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' বিষয়ে নির্ধারিত ৫(পাঁচ) নম্বরের পরিবর্তে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে বিশেষ দক্ষতার জন্য সর্বোচ্চ ৫(পাঁচ) নম্বর দেয়া হবে। পদোন্নতি সুপারিশ কমিটি এ সকল প্রার্থীদের টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা বিবেচনা করে এক্ষেত্রে নম্বর প্রদান করবে;

ঘ) মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা বিবেচনার সময় ৩ মাসের কম কর্মকাল বিবেচনা করা হবে না এবং এক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর ৫.০০ এর অধিক হবে না।

চলমান পাতা/৫

**২.১৩ বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতির জন্য নির্ধারিত পাস নম্বর ঃ**

ক) কর্মকর্তা/কর্মচারীগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য পাশ নম্বর হবে নিম্নরূপঃ

| ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | পাস নম্বর |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | ৮০ |
| সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৮০ |
| প্রিন্সিপাল অফিসার ও সমমান | সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৮০ |
| সিনিয়র অফিসার ও সমমান | প্রিন্সিপাল অফিসার ও সমমান | ৭৫ |
| অফিসার ও সমমান | সিনিয়র অফিসার ও সমমান | ৭৫ |
| সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) | অফিসার ও সমমান | ৭৫ |
| ডাটা এন্ট্রি অপারেটর ও সমমান | সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) | ৬৫ |

খ) বিভিন্ন পদে/গ্রেডে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে/গ্রেডের জন্য নির্ধারিত পাশ নম্বর প্রাপ্তি সাপেক্ষে জ্যেষ্ঠতার ক্রমানুসারে শুন্য পদ পূরণ করতে হবে। তবে চাকুরী প্রবিধানমালার ৬(৩) ধারা মোতাবেক জাতীয় বেতনস্কেলের ৫ম ও তদুর্ধ বেতনক্রমের পদসমূহের পদোন্নতি মেধা-কাম-জ্যেষ্ঠতার ভিত্তিতে হইবে। সকল ক্ষেত্রে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের আন্তঃজ্যেষ্ঠতা সংরক্ষিত থাকবে।

**২.১৪ প্যানেলভুক্তকরণ ঃ**

সংশ্লিষ্ট পদের যোগ্য কর্মকর্তা/কর্মচারীদেরকে জ্যেষ্ঠতার ভিত্তিতে ক্রমানুসারে প্যানেলভূক্ত করা হবে। সংশ্লিষ্ট কমিটির সুপারিশের প্রেক্ষিতে পদোন্নতির জন্য নির্বাচিত প্যানেলের মেয়াদ ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত হবে।

**৩। বাছাই কমিটি ঃ**

৩.১ অভ্যন্তরীণ বিভাগীয় বাছাই কমিটিঃ

বিভিন্ন পদে পদোন্নতির জন্য অভ্যন্তরীণ বিভাগীয় বাছাই কমিটির গঠন কাঠামো হবে নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ১) | মহাব্যবস্থাপক (প্রশাসন) | - | সভাপতি |
| ২) | মহাব্যবস্থাপক (অপারেশন) | - | সদস্য |
| ৩) | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) | - | সদস্য |
| ৪) | সহকারী মহাব্যবস্থাপক (কর্মী ব্যবস্থাপনা) | - | সদস্য-সচিব |

৩.২ অভ্যন্তরীণ বিভাগীয় বাছাই কমিটির কার্যাবলী ঃ

কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে প্রার্থীগণের সাক্ষাতকার গ্রহণ করার পূর্বে বিভাগীয় বাছাই কমিটি কর্তৃক তাদের (ক) বার্ষিক গোপনীয় প্রেতিবেদন, (খ) শিক্ষাগত যোগ্যতা, (গ) ব্যাংকিং ডিপ্লোমা, (ঘ) চাকুরীর দৈর্ঘ্য ইত্যাদি বিষয়ে নম্বর প্রদানসহ আনুষাঙ্গিক সকল কার্যাদি সম্পাদনের পর পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা মূল্যায়ন/সাক্ষাতকার গ্রহণের জন্য কমিটি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে। পদোন্নতি প্রদানের উদ্দেশ্যে বিভাগীয় বাছাই কমিটির সুপারিশ কর্তৃপক্ষের নিকট পেশ করার ক্ষেত্রে কমিটি তফসিলের বিধানাবলী অনুসরণ করবে।

চলমান পাতা/৬

৩.৩ **পদোন্নতির সুপারিশকারী কমিটি ও অনুমোদনকারী কর্তৃপক্ষ ঃ**

বিভিন্ন পদে পদোন্নতির জন্য সুপারিশকারী কমিটি ও অনুমোদনকারী কর্তৃপক্ষ হবে নিম্নরূপঃ

| ফিডার পদ | বিবেচ্য পদ | সুপারিশকারী কমিটি | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক, সিনিয়র প্রিন্সিপাল অফিসার/ সমমান ও প্রিন্সিপাল অফিসার/ সমমান | উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমান | **১নং পদোন্নতি বাছাই কমিটিঃ**<br>১। ব্যবস্থাপনা পরিচালক - সভাপতি<br>২। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি - সদস্য<br>৩। মহাব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য<br>৪। মহাব্যবস্থাপক (অপারেশন) - সদস্য<br>৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) -সদস্য- সচিব | পরিচালনা পর্ষদ |
| সিনিয়র অফিসার, অফিসার, সহাকারী অফিসার, ডাটা এন্ট্রি অপারেটর | প্রিন্সিপাল অফিসার, সিনিয়র অফিসার, অফিসার ও সহকারী অফিসার | **২নং পদোন্নতি বাছাই কমিটিঃ**<br>১। ব্যবস্থাপনা পরিচালক -সভাপতি<br>২। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি - সদস্য<br>৩। মহাব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য<br>৪। মহাব্যবস্থাপক (অপারেশন) - সদস্য<br>৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য<br>৬। সহকারী মহাব্যবস্থাপক (কর্মী ব্যবস্থাপনা)- সদস্য- সচিব | ব্যবস্থাপনা পরিচালক |

৩.৪ অফিসার/সমমান ও তদুর্ধ পদসমূহে পদোন্নতির জন্য পদোন্নতি বাছাই কমিটি বিবেচ্য প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করবে। এছাড়া সহকারী অফিসার/সমমান ও তদনিম্ন পদসমূহে পদোন্নতির জন্য পদোন্নতি বাছাই কমিটি বিবেচ্য প্রার্থীগণের মূল্যায়ন করবে। পদোন্নতি বাছাই কমিটি সাক্ষাৎকার গ্রহণ/মূল্যায়ন পূর্বক নির্বাচিত প্রার্থীদেরকে পদোন্নতির সুপারিশ করবে। চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হলে কোন ব্যক্তিকে বাছাই কমিটি পদোন্নতির জন্য সুপারিশ করবে না।

১০.**বিবিধঃ** আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা/কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১২ এ যে সকল বিষয়ে বিধান রাখা হয়নি অথবা নীতিমালার বিধান প্রয়োগের ক্ষেত্রে বা এর ব্যাখ্যার ক্ষেত্রে যদি কোন অসুবিধা দেখা দেয়/ব্যাখ্যার প্রয়োজন হয় তবে সে সকল বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান/আদেশ ব্যাংকের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

-------------------------------------------সমাপ্ত-------------------------------------------

**মোহাম্মদ রফিকুল করিম**
সিনিয়র সহকারী সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার